

INDIVIDUAL DIFFERENCE: CONCEPT & TYPES.

PRESENTED
BY
RUNA LAYLA
ASSISTANT PROFESSOR IN EDUCATION
KABI JOYDEB MAHAVIDYALAYA.

INTRODUCTION:(ভূমিকা)

- যদি আমরা বিশ্ব-প্রকৃতির দিকে লক্ষ্য করি , তাহলে আমরা দেখতে পাবো যে, জগতে বিরাজমান জড় ও জীব সকলের মধ্য পার্থক্য বর্তমান। মাটি, পর্বত, পাথর, ফুল, ফল, জল, পশু, পাখি ইত্যাদি বৃহৎ ধারণা গুলির মধ্য পার্থক্য রয়েছে। যেমন – জুই, রজনী, গোলাপ, জবা, কাবেরী , পলাশ, শিমূল ইত্যাদি মিলে “ফুল” নামক বৃহৎ ধারণাটি গঠিত হয়। সব গুলোই ফুল কিন্তু প্রত্যেকে একে অপরের থেকে আলাদা নিজেদের বৈশিষ্ট্যের প্রেক্ষিতে।
- তেমনি ” মানুষ ” একটি বৃহৎ ধারণা। এর মধ্য সকল প্রকারের মানুষ অন্তর্ভুক্ত। পৃথিবীতে প্রতিটা মানুষই স্বতন্ত্র প্রকৃতির। কেউ কারও মত না। প্রতিটি মানুষ নিজ বৈশিষ্ট্য গুনে অন্যের থেকে ভিন্ন প্রকৃতির হয়। মানুষের মধ্য এই ভিন্ন প্রবণতাই হল ব্যক্তি বৈষম্য। এই বৈষম্য বিভিন্ন দিক থেকে হতে পারে। যেমন- শারীরিক গঠন, বুদ্ধি, মনোভাব, ভাষা, বিশ্বাস, সামাজিকতা, ইত্যাদি। মানুষের মধ্য যে এই বিভিন্নতা , একেই বলা হয় ব্যক্তি স্বাতন্ত্র্যতা (Individual difference)

Definitions :

- Carter B. Good (1959) “ Dictionary of Education” দুই ভাবে এর বর্ণনা দিয়েছেন-

- 1) Individual differences stand for “ that variations or deviations among individuals in regard to a single characteristic or a number of characteristics.”
- 2) Individual differences stand for “ those differences which in their totality, distinguish one individual to another.”

আমরা বলতে পারি যে, ব্যক্তি স্বাতন্ত্র্যতা হল, কোন মানুষের সেই এক বা একাধিক বৈশিষ্ট্য বা গুণাবলী যা তাকে অন্য মানুষের সাথে আলাদা/ পৃথক করে বা চিহ্নিত করতে সহায়তা করে।

TYPES OF INDIVIDUAL DIFFERENCE:

- মানুষের মধ্যে যে বিভিন্ন ধরনের ভিন্নতা বা পার্থক্য লক্ষ্য করা যায়, সেগুলিকে দুটি বৃহৎ শ্রেণিতে ভাগ করা যেতে পারে-
 1. শারীরিক ভিন্নতা/ পার্থক্য I (Physiological difference)
 2. মানসিক ভিন্নতা/ পার্থক্য।(psychological difference)
- এই দুই বৃহৎ শ্রেণি কে আবার কতগুলি sub- categories তে ভাগ করা যেতে পারে।

Cont...

- 1) Physical difference:** প্রতিটি মানুষ তার গঠন প্রকৃতির দিক থেকে আলাদা হয়ে থাকে। উচ্চতা, ওজন, ত্বকের রঙ, চোখের মণির রঙ, চুলের রঙ, হাত, পা, নাক, মুখভঙ্গিমা, কথা বলার ধরন, হাঁটার ধরণ ইত্যাদির দিক থেকে মানুষের মধ্যে পার্থক্য লক্ষ্য করা যায়।
- 2) Mental difference:** মানুষের মধ্যে বুদ্ধিগত দিক যথা যুক্তি, চিন্তন, কল্পনা ক্ষমতা, সৃজনশীলতার প্রকাশ, মনোযোগ ইত্যাদির দিক থেকে পার্থক্য লক্ষ্য করা যায়। সাধারণ বুদ্ধির দিক থেকেও পার্থক্য ব্যাপক পার্থক্য লক্ষ্য করা যায়।
- 3) Difference in motor ability:** কাজ করার গতি, কোন কিছুর প্রতি প্রতিক্রিয়া করার দ্রুততা, কাজের প্রতি একগ্রতা/ স্থিরতা, কাজের নৈপুণ্যতা, অবসারণ হয়ে পড়ার সময়ের মধ্যে ভিন্নতা লক্ষ্য করা যায় ।

Cont...

- 4) Emotional difference:** প্রক্ষোভ দিক থেকে পার্থক্য লক্ষ্য করা যায়। কিছু মানুষের ইতিবাচক প্রক্ষোভ (ভালোবাসা, স্নেহ) ইত্যাদি শক্তিশালী অন্যদিকে কিছু মানুষের নেতিবাচক প্রক্ষোভ (ঘৃণা, দ্বেষ) শক্তিশালী হয়। অনেকেই প্রক্ষোভ কে সহজে নিয়ন্ত্রণ করতে পারে , অন্যদিকে অনেকে নিয়ন্ত্রণ করতে পারে না , ফলে তার বহিঃপ্রকাশ করে ফেলে।
- 5) Difference in interest & aptitudes:** মানুষের মধ্যে আগ্রহ ও প্রবণতার দিক থেকেও পার্থক্য লক্ষ্য করা যায়। অনেকে social- faction, picnics ইত্যাদি বেশি পছন্দ করে, আবার অনেকে বই পড়ে সময় কাটাতে ভালোবাসে। সকালে খবরের কাগজ হাতে পেলে অনেকে প্রথমে খেলার পাতাটা খুলে খেলার খবর দেখে, আবার অনেকে রাজনৈতিক , সম্পাদকীয় বা অন্যকিছু দেখে তার আগ্রহ অনুযায়ী। প্রবণতার দিক থেকে কেউ গান, নাচ, অংকন , পড়াশুনায় দক্ষ হয়।

Cont...

- 6) Difference in achievement:** বিষয়গত জ্ঞান, পারদর্শিতা, বুদ্ধি, অভিজ্ঞতার দিক থেকেও ভিন্নতা লক্ষ্য করা যায় মানুষের মধ্যে।
- 7) Difference in attitude, beliefs, & opinions:** বিভিন্ন মানুষ, দল, জাতি, বস্তু, ধারণা সম্পর্কে বিভিন্নজন বিভিন্ন রকমের মনোভাব পোষণ করে। এই মনোভাব ইতিবাচক বা নেতিবাচক উভয়ই প্রকারের হতে পারে। অন্যদিকে বিশ্বাস, মতামত ইত্যাদির দিক থেকেও ব্যক্তিতে ব্যক্তিতে ভিন্নতা দেখা যায় ।

Cont...

- 8) Difference in learning style:** কোন কিছু শেখার ধরণেও পার্থক্য লক্ষ্য করা যায়। কেউ কেউ মুখস্ত করে, আবার কেউ কেউ বুঝে পড়তে ভালোবাসে। অন্যদিকে কেউ কেউ পড়ার সাথে সাথে সেই বিষয় টা লিখতে পছন্দ করে, আবার অনেকে তা করতে ভালোবাসে না।
- 9) Difference in social & moral development:** ব্যক্তিতে ব্যক্তিতে সামাজিক, নৈতিক বিকাশের ক্ষেত্রে পার্থক্য লক্ষ্য করা যায় | অনেকে খুব সহজে বিভিন্ন সামাজিক পরিস্থিতিতে নিজেকে মানিয়ে নিতে পারে, আবার অনেকে পারে না।

THANK YOU.